সংবাদ

তারিখ 06 OCT 2016 ... পৃষ্ঠা ৪ ... কলাম ৪

# শিক্ষক দিবসে শিক্ষার মান ও শিক্ষকদের বেতনভাতা বৃদ্ধির দাবি

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষার মান বৃদ্ধি ও শিক্ষকদের বেতন ভাতা বৃদ্ধির দাবির মধ্য দিয়ে বিশ্ব শিক্ষক
দিবস পালিত হয়েছে। গতকাল বিভিন্ন শিক্ষক সংগঠন আলাদাভাবে দিবসটি
উদযাপন করেন।
গতকাল দিবসটি উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে
এক আলোচনা সভার আয়োজন করে বিশ্ব শিক্ষক দিবস উদযাপন জাতীয়
কমিটি। অধ্যাপক কাজী ফারুকের সভাপতিত্বে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ,
ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিক,
অধ্যাপক রাশেদা কে চৌধুরী ও অধ্যাপক রেহমান সোবহান প্রমুখ উপস্থিত
ছিলেন। সভায় শিক্ষায় অবদানের জন্য অধ্যাপক রেহমান সোবহান, ড. মনজুর
আহমেদ, নুরুল আলম ও জয়নাল আবেদিন চৌধুরীকে সম্মানসূচক ক্রেস্ট প্রদান
করা হয়।
সভায় শিক্ষামন্ত্রী বলেন, 'শিক্ষকতা শুধু পেশায় নয়, এটি একটি মহৎ কাজও।
জগতে এর চেয়ে মহৎ কিছুই নেই। একজন শিক্ষক সারাজীবন ধরে একজন
ছাত্রকে সঠিক মানুষ হিসাবে গড়ে তোলেন। এজন্য আমরা শিক্ষকদের কাছে সব
সময় ঋণী।'
মন্ত্রী বলেন, 'শিক্ষার মূল লক্ষ্য হলো নতুন প্রজন্মকে যোগ্য ও দক্ষ হিসেবে গড়ে
তোলা। নতুন প্রজন্মকে বিশ্বমানের শিক্ষায় শিক্ষিত করতে হবে। নতুন প্রজন্মকে
ভালো মানুষ হিসেবে গড়ে তুলতে হবে। সৎ, ন্যায় পরায়ন, মূল্যবোধসম্পন্ন ও
দেশপ্রেমী পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে উঠে। আর এই কাজের আসল শক্তি
শিক্ষকরা। আমরা শিক্ষকদের সেভাবেই সহযোগিতা দিতে চাই। যাতে তারা এই
ভূমিকা পালন করতে পারে।' এ সময় তিনি শিক্ষকদের বেতন বৃদ্ধিসহ নানা
উন্নয়ন তুলে ধরেন। দিবসটি উপলক্ষে স্বাধীনতা শিক্ষক পরিষদ গতকাল জাতীয়
প্রেসক্লাব মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করে। সংগঠনের
সাধারণ সম্পাদক অধ্যক্ষ শাহজাহান আলম সাজুর সভাপতিত্বে সভায় প্রধান
অতিথি ছিলেন সাবেক মন্ত্রী ও আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক ড.
হাছান মাহমুদ, বিশেষ অতিথি ছিলেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের
মহাপরিচালক প্রফেসর ড. এসএম ওয়াহিদুজ্জামান।
সভায় অন্যদরে মধ্যে উপস্থিত ছিলেন প্রফেসর সাজ্জিদুল ইসলাম, অধ্যক্ষ
শাহাদাৎ হোসেন রানা, সাইদুর রহমান পান্না, উপাধ্যক্ষ হরি চাঁদ মণ্ডল সুমন,
অধ্যক্ষ তেলোয়াৎ হোসেন, মাও. সামসুল আলম, আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।
সভায় শিক্ষক নেতারা বলেন, বর্তমান সরকার শিক্ষার মান বৃদ্ধি এবং শিক্ষকদের
মর্যাদা বৃদ্ধির জন্য শিক্ষানীতি প্রণয়ন, শিক্ষকদের বেতন দ্বিগুণ বৃদ্ধিসহ বিভিন্ন
পদক্ষেপ গ্রহণ করেছে। বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে 'বাংলাদেশ শিক্ষক
সমিতি'র এক আলোচনা সভা সমিতির নিজস্ব কার্যালয় ৬০ লক্ষ্মীবাজারে
সেকেন্ডারি টিচার্স টাওয়ার মিলনায়তন অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি সৈয়দ
জুলফিকার আলম চৌধুরীর সভাপতিত্বে সভায় সমিতির মহাসচিব ইয়াদ আলী
খান বক্তব্য রাখেন। ইয়াদ আলী খান বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের
শিক্ষকদের চাকরি জাতীয়করণ করার জন্য সরকারের প্রতি জোর দাবি জানান।
তিনি সরকারি কর্মচারীদের মতো বেসরকারি শিক্ষকদেরও প্রতি বছর মূল
বেতনের ৫ ভাগ বৃদ্ধি করার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।
আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন শরিফুল আলম, ফজলুর রহমান, আ.
কুদ্দুস, আব্দুর রহমান, আ. আউয়াল মোল্লা, বাবু হরেন্দ্র নাথ মজুমদার, মোহাম্মদ
উল্লাহ ভূঁইয়া, দেলোয়ার হোসেন প্রমুখ।